

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০২.১৭.১৫৩০

তারিখ: ৭ আশ্বিন ১৪২৯

২২ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **France** হতে ১ (এক) দিন বয়সী **SASSO Broiler Parent Stock** জাতের  
৪৮,০৮০ টি মুরগির বাচ্চা আমদানির অনুমতি প্রসঙ্গে।

সূত্র: প্রতিটা হ্যাচারিজ লিমিটেড এর ০৮/০৯/২০২২ ইং তারিখের পত্র মোতাবেক।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে ফ্রান্স হতে **France** হতে ১ (এক) দিন বয়সী **SASSO Broiler Parent Stock** জাতের ৪৮,০৮০ ( আটচল্লিশ হাজার আশি) টি প্যারেন্ট ষ্টক মুরগির বাচ্চা নিম্নবর্ণিত শর্তে আগামী ২০/১২/২০২২ ইং তারিখের মধ্যে আমদানির অনুমতি প্রদান করা হলো।

#### শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক মুরগির বাচ্চা “সংক্রামক” রোগমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্তি ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে নূন্যতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক বিমান যোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট গ্রহন করা যাবে না।
- ৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানীকারক দেশে **Notifiable AI** দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।
- ৯। সরকারী রিধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগির বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭দিন পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।

২২-৯-২০২২

ডাঃ পল্লব কুমার দত্ত  
উপপরিচালক

**Provita Hatcheries Limited**  
**Ashardia, Majjdee Court, Noakhali.**

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০২.১৭.১৫৩০/১(১৩)

তারিখ: ৭ আশ্বিন ১৪২৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
  - ২) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম।
  - ৩) পিএসও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা, (রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণকরার জন্য অনুরোধ করা হলো)।
  - ৪) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নোয়াখালী, (হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
  - ৫) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীড, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
  - ৬) অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা।
- মোবাইল-০১৯৭০৫০৬৮২৪



২২-৯-২০২২

ডাঃ পঙ্কজ কুমার দত্ত  
উপপরিচালক